

যুগ্মাত্মক

চবিতে ছাত্রলীগের দু'পক্ষের সংঘর্ষ আহত ১০

প্রকাশ : ২৪ ফেব্রুয়ারি ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংক্ষরণ

 চবি প্রতিনিধি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক ছাত্রলীগ নেতা নিশানকে অপহরণের খবরে ছাত্রলীগের টিপু গ্রন্পের কর্মীদের ওপর হামলা করেছে প্রতিপক্ষের কর্মীরা। পরে উভয় গ্রন্পের মধ্যে কমপক্ষে ১০ বার ধাওয়া-পাল্টাধাওয়া ও সংঘর্ষের ঘটনা ঘটে। এতে সমাজতত্ত্ব বিভাগের রাজীবসহ ১০ জন আহত হন। আহতদের মধ্যে চারজনকে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। শুক্রবার রাত থেকে শনিবার সক্ষ্য পর্যন্ত বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের নিশান গ্রন্প ও ইকবাল টিপু গ্রন্পের মধ্যে এসব ঘটনা ঘটে। এ সময় বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের বিপুল গ্রন্প, পারভেজ গ্রন্প, দিনার গ্রন্প ও সোহেল গ্রন্প নিশান গ্রন্পের সঙ্গে যোগ দেয়। গ্রন্পগুলো নগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও মেয়র আ জ ম নাসিরের অনুসারী।

শনিবার রাত সাড়ে ৮টায় এ রিপোর্ট লেখার সময় টিপু গ্রন্পের অনুসারীরা শাহজালাল হল ও প্রতিপক্ষের নেতাকর্মীরা সোহরাওয়ার্দী হলে অবস্থান নিয়েছে।

হাটহাজারী থানার ওসি বেলাল মোহাম্মদ জাহাঙ্গীর বলেন, ছাত্রলীগের দুই গ্রন্পের মধ্যে হামলা ও সংঘর্ষের ঘটনা ঘটেছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে কাজ করছে পুলিশ।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, **প্রকাশক :** সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।

ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।